গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মোহনগঞ্জ, নেত্রকোণা

স্মারক নং-০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০২.২৩-৮১ তারিখ ঃ- ২৭ জানুয়ারি ২০২৬

## হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি নং- ০১

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোহনগঞ্জ উপজেলার নিম্নবর্ণিত বাজারসমূহ ১৪৩৩ বাংলা সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত ইজারা পুস্তিতে বর্ণিত শর্তাধীনে আগ্রহী দরপত্র দাতাগণের নিকট হতে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র ফরম বাজারের নামের পার্শ্বে বর্ণিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণা এর কার্যালয়, মোহনগঞ্জ থানা এবং সোনালী ব্যাংক লিঃ, মোহনগঞ্জ শাখা হতে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ক্রয় করা যাবে এবং দরপত্র জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণার কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করা যাবে। দরপত্র দাখিলের দিন বেলা ৪.০০ ঘটিকায়/অন্য প্রতিষ্ঠানে দাখিলকৃত দরপত্র এ কার্যালয়ে পাঠানোর পর উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। এতদ্সংক্রান্ত যাবতীয় তথ্যাদি/শর্তাবলি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে। ১ম বারের দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী বারের দরপত্র বিক্রয় ও দাখিল প্রযোজ্য হবে না। অনুরুপভাবে পরবর্তী বারের ক্ষেত্রেও প্রযোজ্য।

| ইজারা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ২৩.০২.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ২৪.০২.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত | |
| ২য় পর্যায় | ০৯.০৩.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ১০.০৩.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত | |
| ৩য় পর্যায় | ৩০.০৩.২০২৬ তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত | ৩১.০৩.২০২৬ তারিখ বেলা ০১.০০ টা পর্যন্ত | |

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | কাঙ্খিত সরকারি মূল্য | দরপত্র ফরমের মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | আদর্শনগর বাজার | সুয়াইর ইউনিয়ন | ১৭,৬২,২০২/- | ৪,২০০/- |
| ০২ | গাগলাজুর বাজার | গাগলাজুর ইউনিয়ন | ৭৮,০০০/- | ৫০০/- |
| ০৩ | খুরশিমূল বাজার | মাঘান সিয়াধার ইউনিয়ন | ৩৪,০০০/- | ৫০০/- |
| ০৪ | বড়পাইকুড়া বাজার | তেতুলিয়া ইউনিয়ন | ৪৯৫৪/- | ৫০০/- |
| ০৫ | সমাজ বাজার | সমাজ সহিলদেও ইউনিয়ন | ২০২২/- | ৫০০/- |

**১৪৩৩ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলি**

০১। বাংলা ১৪৩৩ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হবে।

০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ)অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২০% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রর্ত্যপণ করা হবে। এতদসংক্রান্ত অন্যান্য যাবতীয় তথ্যাবলি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা/দেখা যাবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত)দিনের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহা হলে পুনরায় দরপত্র আন করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহ্বান সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারী মূল্য) হতে কম হয় তাহা হলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

০৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র/সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টানিয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায়স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত অমান্য করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট,আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকি জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। হাট-বাজার ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে। এ বিষয়ে কোন আপত্তি আইনত গ্রহনযোগ্য হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৭।০১।২০২৬
(আমেনা খাতুন)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।

স্মারক নংঃ ০৫.৪৫.৭২৬৩.০০০.৩৩.০০২.২৩-৮১ তারিখ ঃ- ২৭ জানুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
০১. জেলা প্রশাসক, নেত্রকোণা
০২. পুলিশ সুপার, নেত্রকোণা
০৩. প্রশাসক, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৪. প্রশাসক, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৫. সহকারী কমিশনার(ভূমি), মোহনগঞ্জ, নেত্রকোণা। [নোটিশ বোর্ডে টানিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৬. অফিসার ইন চার্জ, মোহনগঞ্জ থানা, মোহনগঞ্জ, নেত্রকোণা। [নোটিশ বোর্ডে টানিয়ে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
০৭. ব্যবস্থাপক, ..............................................(সকল) ব্যাংক, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৮. চেয়ারম্যান,..................................(সকল) ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণা
০৯. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.................................(সকল) ইউনিয়ন ভূমি অফিস, মোহনগঞ্জ, নেত্রকোণা
১০. জনাব.......................................ইজারাদার,.........................................বাজার, মোহনগঞ্জ, নেত্রকোণা
১১. নোটিশ বোর্ড/অফিস কপি

২৭।০১।২০২৬
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা।